

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর- ০৪.০০.০০০০.৫১৩.৩৫.০৩৭.২০১৫-১৯১

তারিখ: ২৪ আষাঢ় ১৪২২
০৮ জুলাই ২০১৫

পরিপত্র

বিষয়: মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীদের বদলি সংক্রান্ত।

ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের সাধারণ ও রাজস্ব প্রশাসনে নিয়োজিত কর্মচারীদের একই পদে কিংবা একই কর্মস্থলে তিন বছর মেয়াদ পূর্ণ হলে বাস্তব অবস্থা বিবেচনায় সাধারণত অন্যত্র বদলি করার রেওয়াজ রয়েছে। এসব দপ্তরে নিয়োজিত কোন কোন কর্মচারী একই পদে তিন বছরের অধিককাল কর্মরত থাকায় তারা সংশ্লিষ্ট বিষয়ে অধিক অভিজ্ঞতা অর্জনের সুযোগ পাচ্ছেন, অন্যান্য বিষয়ে অভিজ্ঞতা লাভের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। তা ছাড়া, একই পদে দীর্ঘদিন কর্মরত থাকায় কোন কোন কর্মচারী বিভিন্ন অনিয়মের সঙ্গে জড়িয়ে পড়ছেন। এ জন্য মাঠ পর্যায়ে নিয়োজিত কর্মচারীদেরকে বিভিন্ন বিষয়ে দক্ষ করে গড়ে তোলা এবং একই পদে কিংবা কর্মস্থলে তিন বছরের বেশি সময় ধরে কর্মরত কর্মচারীগণকে বাস্তব অবস্থাভেদে অন্যত্র বদলি করার জন্য ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশনা দেওয়া হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে নির্দেশনাটি যথাযথভাবে বাস্তবায়িত হয়নি।

০২। উপর্যুক্ত প্রেক্ষাপটে ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের সাধারণ ও রাজস্ব প্রশাসনে নিয়োজিত কর্মচারীদেরকে একই পদ কিংবা কর্মস্থল হতে অন্যত্র বদলির ক্ষেত্রে নিম্নোল্লিখিত বিষয়গুলি অনুসরণের জন্য অনুরোধ করা হল:

- ক) একই পদে তিন বছরের অধিককাল যাবৎ নিয়োজিত কর্মচারীকে বাস্তব অবস্থাভেদে অন্যত্র বদলি করতে হবে;
- খ) দুর্গম অথবা প্রতিকূল যোগাযোগ ব্যবস্থাসম্পন্ন এলাকার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীর মেয়াদ দুই বছর হলেও তাকে অন্যত্র বদলি করা যেতে পারে;
- গ) সাধারণ প্রশাসন ও ডুমি অফিসে কর্মরত কর্মচারীদেরকে পর্যায়ক্রমে সকল বিষয়ে কাজ করার সুযোগ দেওয়া যেতে পারে; এবং
- ঘ) বদলির ক্ষেত্রে বৈষম্য পরিহারের জন্য সচেষ্ট থাকতে হবে।


০৮/৭/১৫
(মোঃ মাকসুদুর রহমান পাটওয়ারী)
অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন)
ফোন নম্বর: ০২-৯৫৭৩৮৩৩
ফ্যাক্স নম্বর: ০২-৯৫৭৩৫৩৩
ই-মেইল: addl_dfa@cabinet.gov.bd

- ১। বিভাগীয় কমিশনার (সকল)।
- ২। জেলা প্রশাসক (সকল)।